

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৯০

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২. প্রথম অনুচ্ছেদ - প্রথম ওয়াক্ত হওয়ার সঙ্গে সঙ্গে সালাত আদায়

بَابُ تَعْجِيْلِ الصَّلَوَاتِ

### আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِذَا اشْتَدَّ الْحَرُّ فَأَبْرِدُوا بِالصَّلَاةِ»

## বাংলা

৫৯০-[8] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যখন গরমের প্রকোপ বেড়ে যাবে, ঠাণ্ডা সময়ে সালাত (সালাত/নামায/নামাজ) (যুহর) আদায় করবে।[1]

# ফুটনোট

[1] সহীহ : বুখারী ৫৩৬, ৫৩৭, মুসলিম ৬১৫, আবূ দাউদ ৪০২, নাসায়ী ৫০০, তিরমিয়ী ১৫৭, ইবনু মাজাহ্ ৬৭৮, আহমাদ ৭৬১৩, সহীহ ইবনু হিব্বান ১৫০৭, সহীহ আল জামি' ৩৩৯।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: উপরোক্ত হাদীসের মধ্যে বলা হয়েছে যে, গরম বেশী পড়লে যুহর বিলম্ব করে তার শেষ সময়ে আদায় করো- এটা আল্লাহ ও তাঁর রসূল-এর পক্ষ হতে বান্দাদের প্রতি দয়া ও রহমাত। প্রচন্ড গরমে যুহর বিলম্ব করা উত্তম। উল্লেখ্য যে, প্রচন্ড গরম না পড়লে যুহর বিলম্ব করা যাবে না।

### হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন